২৬

দৈনিক ইত্তেফাক

তারিখ 0 9 SEP 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

# শিক্ষাই মানব সম্পদ উন্নয়নের প্রকৃষ্ট উপায়

## প্রধানমন্ত্রী

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া জাতিকে নিরক্ষরতার অভিশাপমুক্ত করার লক্ষ্যে 'সবার জন্য শিক্ষা' কর্মসূচীতে সকল রাজনৈতিক দল, সামাজিক সংস্থা, এনজিও এবং সচেতন নাগরিকের সমানভাবে অংশগ্রহণ ও জড়িত হওয়ার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। তিনি বলেন, আমরা চাই শিক্ষাকে একটি জাতীয় ইস্যু হিসাবে গ্রহণ

(১০ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

( ১ম পৃঃ পর )

করিয়া এই কর্মসূচীতে সকলেই সমানভাবে অংশগ্রহণ করুক। গতকাল বুধবার ওসমানী স্মৃতি মিলনায়তনে সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের কৌশল' শীর্ষক এক আলোচনায় প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী 'সবার জন্য শিক্ষা' কর্মসূচীকে একটি বিরাট কাজ হিসাবে অভিহিত করিয়া বলেন, এই কর্মসূচীকে সফল করার জন্য সরকারী উদ্যোগের সহিত সকলের শরীক হওয়া উচিত। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এই আলোচনা সভার আয়োজন করে। সংসদ উপনেতা অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী, তথ্যমন্ত্রী নাজমুল হুদা, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব কাজী রকিবউদ্দিন আহমদ এবং সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ কার্যক্রমের নির্বাহী পরিচালক খন্দকার শহীদুল ইসলাম অনুষ্ঠানে বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বিশ্বব্যাপী নিরক্ষরতা দূরীকরণ প্রচেষ্টার সহিত একাত্মতা ঘোষণা করিয়া আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের সর্বাঙ্গীন সাফল্য কামনা করেন। তিনি বলেন, গত দুই বছরে তাহার সরকার গৃহীত কতিপয় ব্যবস্থার ফলে শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হইয়াছে। ইতিমধ্যে শিক্ষিতের হার ৪ ভাগ বৃদ্ধি পাইয়াছে এবং এই বৃদ্ধি অব্যাহত থাকিবে। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু, নূতন স্কুল নির্মাণ এবং পুরাতনগুলির সংস্কার, প্রাথমিক ও গণশিক্ষার ভিত্তি সম্প্রসারণের লক্ষ্যে একটি আলাদা বিভাগ খোলার মত ব্যবস্থা গ্রহণের কথা উল্লেখ করিয়া প্রধানমন্ত্রী বলেন, এইসব ব্যবস্থা নিরক্ষরতা দূরীকরণে অবদান রাখিতেছে। বেগম জিয়া বলেন যে, তাহার সরকার শিক্ষাক্ষেত্রে যথাযথ ব্যবস্থাপনার এবং প্রাথমিক শিক্ষাকে অর্থবহ করার লক্ষ্যে সকল স্তরে জবাবদিহিতা প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করিতেছে। বিদ্যালয় এবং বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটিতে স্থানীয় জনসাধারণের অংশগ্রহণের প্রচেষ্টা চালানো হইতেছে। ইহাছাড়া থানা কমিটি পুনর্গঠিত করা হইয়াছে।

প্রধানমন্ত্রী বলেন, তাহার সরকার গ্রাম হইতে নিরক্ষরতা দূর করার কর্মসূচী গ্রহণ করিয়াছে। কারণ দেশের ৮০ ভাগ লোকই গ্রামে বাস করে। তিনি বলেন, দেশের তিন-চতুর্থাংশ লোক নিরক্ষর এবং আমাদের পশ্চাৎপদতা ও দারিদ্র্যের অন্যতম প্রধান কারণই হইল নিরক্ষরতা। মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে অগ্রগতি ও সমৃদ্ধি লাভ সম্ভব এবং শিক্ষাই মানব সম্পদ উন্নয়নের প্রকৃষ্ট উপায়।